115

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ 07 MAR 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

# যশোর বোর্ডে স্কুল অনুমোদন ও শিক্ষার্থী নিবন্ধনে অনিয়ম

## তদন্ত কমিটি গঠন

।।রুহুলউদ্দৌলাহ।।

যশোর, ৬ই মার্চ।– যশোর শিক্ষা বোর্ডের দু'টি বিভাগের কর্মচারী–কর্মকর্তারা দু'মাসে দুর্নীতির মাধ্যমে প্রায় ১৬ কোটি ১৬ লাখ টাকা হাতিয়ে নিয়েছে। বিভাগ দু'টি হল নিবন্ধন শাখা (মাধ্যমিক) ও স্কুল অনুমোদন শাখা (মাধ্যমিক)। এই দুর্নীতির সাথে বোর্ডের পদস্থ কর্মকর্তারা জড়িত বলে অভিযোগ রয়েছে।

বোর্ড কর্তৃপক্ষ এবার রেকর্ডসংখ্যক স্কুলের অনুমোদন দিয়েছে। গত ডিসেম্বর ও জানুয়ারি মাসে ১২৪টি স্কুলের অনুমোদন দেয়া হয়। অনুমোদনের ক্ষেত্রে নিয়মনীতি মানা হয়নি। বোর্ডের একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছেন, স্কুলপ্রতি গড়ে ৪০ হাজার টাকা 'উৎকোচ' নিয়ে পাইকারি হারে এসব অনুমোদন দেয়া হয়। বিষয়টি তদন্ত হলে এ ধরনের স্কুলের সংখ্যা ২'শ' ছাড়িয়ে যেতে পারে বলে সূত্রটি জানিয়েছেন। মাধ্যমিক স্কুল অনুমোদন শাখা এই দুর্নীতির হোতা। তারা হাতিয়ে নিয়েছে ১৬ কোটি টাকা।

অনুরূপভাবে নিবন্ধন শাখার (মাধ্যমিক) দুর্নীতিবাজ কর্মচারীরা এক শ্রেণীর শিক্ষকদের সহযোগিতায় প্রায় ৪০ হাজার পরীক্ষার্থীকে এবার ভুয়া রেজিস্ট্রেশন

যশোর ঃ পৃঃ ১২ কঃ ৫

### যশোর ঃ অনিয়ম

(১ম পৃষ্ঠার পর)

দিয়েছে। আর এ বাবদ তারা আয় করেছে ১৬ লাখ টাকা। রেজিস্ট্রেশন প্রতি তারা আদায় করে ৪ হাজার টাকা। সার্বিক বিষয়ে তদন্ত কমিটি গঠিত হয়েছে। তবে ইউনিয়ন নেতৃবৃন্দের হুমকির মুখে তদন্ত কাজ স্বাভাবিক গতিতে এগুতে পারছে না বলে একজন কর্মকর্তা জানান।

'৯৫–এর এসএসসি পরীক্ষায় রচনা–মূলক ও নৈর্ব্যক্তিকে মিলিত নম্বরের ভিত্তিতে পাস করার সর্বশেষ সুযোগ। আর তাই এবার অষ্টম ও নবম শ্রেণীর বিপুলসংখ্যক ছাত্রছাত্রী ভুয়া নিবন্ধনের মাধ্যমে পরীক্ষার ফরম পূরণ করেছে। পরীক্ষার্থীদের মধ্যে ৪০ বছরেরও লোকজন রয়েছে।

এ ব্যাপারে বোর্ডের কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করলে কোন রকম মন্তব্য করতে অস্বীকৃতি জানান। তবে বলেন, বিষয়গুলো তদন্ত হচ্ছে।